



নথি নং- ৩০.৩১.০০০০.২৩১.৩০.০০৪.১৭/১০৬৮

তারিখঃ ২০/০১/২০২১ খ্রিঃ

বিষয় : বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আবাসিক এলাকা, বিমানবন্দরের বিভিন্ন স্থানে বিদ্যমান গাছসমূহ অপারেশনাল ও নিরাপত্তা জনিত কারণে গাছসমূহ স্থিত অবস্থায় (যেখানে যে অবস্থায় আছে) স্পট নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় প্রসংগে।

এতদ্বারা সকল কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের আবাসিক এলাকা, বিমানবন্দরের বিভিন্ন স্থানে বিদ্যমান গাছসমূহ অপারেশনাল ও নিরাপত্তা জনিত কারণে ছোট বড় বিভিন্ন প্রজাতির, গাছের টুকরা/জ্বালানী স্পট নিলাম ডাকের মাধ্যমে স্থিত অবস্থায় (যেখানে যে অবস্থায় আছে) বিক্রয় করা হবে। উক্ত নিলাম আগামী ২০/০১/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় সম্পত্তি শাখার সহকারী সম্পত্তি কর্মকর্তার কক্ষে অনুষ্ঠিত হবে (নব-নির্মিত সদর দপ্তরের ৬ষ্ঠ তলা (5<sup>th</sup> floor)। নিম্নে বর্ণিত স্থানে অবস্থিত গাছসমূহের বর্ণনা দেয়া হলোঃ

ক্রমিক নং	গাছের অবস্থান	কাঠের পরিমাণ আনুমানিক (ঘন ফুট)
০১।	হাশাআবি'র বিমান ফ্লাইট ক্যাটারিং সেন্টার (বিএফসিসি) এর ২টি ফেল্ডির অভ্যন্তরের গাছসমূহ	২৭১.৫৫ ঘনফুট
০২।	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর সম্প্রসারণ প্রকল্প (১ম পর্যায়) শীর্ষক প্রকল্পের Engineer's Accommodation সাইটে (সি-টাইপ/ম্যানেজার বাংলো সংলগ্ন) এবং বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কুর্মিটোলা আবাসিক এলাকার ইউ-টাইপের পূর্ব পার্শ্বে	১৫৫.০৫ ঘনফুট
০৩।	বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সদর দপ্তরের পিছনে ২টি গাছ ও প্রকৌশল বিভাগ	২৩৮.২১ ঘনফুট

#### স্পট নিলাম ডাকের শর্তাবলীঃ

(১) প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ডাককারীগণ নিলাম ডাকের পূর্বে অফিস চলাকালীন সময়ে প্রশাসন (সম্পত্তি) শাখার সহিত যোগাযোগ করে উক্ত গাছগুলো দেখে যেটা যে অবস্থায় আছে সে অবস্থায়ই ক্রয় করার আগ্রহ হলে নিলামে অংশ গ্রহন করতে পারবেন।

(২) স্পট নিলাম ডাকের পূর্বে সকাল ১১:০০ ঘটিকার মধ্যে নিলাম ডাকে অংশগ্রহণকারী ইচ্ছুক কাঠ ব্যবসায়ী/ প্রতিষ্ঠান/ ব্যক্তিবর্গকে কমিটির আহ্বায়ক বরাবরে নিলাম ডাকে অংশগ্রহণকারীগণকে জাতীয় পরিচয় পত্র ও ট্রেড লাইসেন্স (যদি থাকে) তার ফটোকপিসহ জামানত হিসেবে ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা অগ্রিম নগদ প্রদান করতে হবে। যা ১ম ও ২য় সর্বোচ্চ ডাককারীর জামানত রাখার পর অকৃতকার্য ডাককারীর জামানত তাৎক্ষণিকভাবে ফেরত দেয়া হবে।

(৩) সর্বোচ্চ নিলাম ডাককারীকে নিলাম ডাকের সমুদয় মূল্য তৎসহ আয়কর ও ভ্যাট ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে পরিচালক, হাশাআবি'র রাজস্ব শাখায় নগদে পরিশোধ করে উহার মানি রিসিটের কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা প্রদান করে কার্যাদেশ গ্রহন করতে হবে। নিলামকৃত মালামাল প্রশাসন (সম্পত্তি) শাখার প্রতিনিধির উপস্থিতিতে কার্যাদেশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সর্বোচ্চ ডাককারী নিজ খরচে ও নিজ দায়িত্বে উল্লেখিত গাছসমূহ/জ্বালানী সরিয়ে নিয়ে জায়গা খালি করে দিতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।

(৪) যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ স্পট নিলাম ডাক কর্তৃপক্ষ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।


/চলমান পাতা-২/

**বিভরণ :**

- ১) পরিচালক (প্রশাসন), সিএএবি সদর দপ্তর, ঢাকা
- ২) পরিচালক (যোগাযোগ), সিএএবি (সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশ ও প্রচারের জন্য), সদর দপ্তর, ঢাকা
- ৩) উপপরিচালক (প্রশাসন) , সিএএবি, সদর দপ্তর, ঢাকা
- ৪) নির্বাহী প্রকৌশলী(সিভিল), সিভিল বিভাগ-২, সিএএবি
- ৫) সহকারী সম্পত্তি কর্মকর্তা-২, সম্পত্তি শাখা, সিএএবি
- ৬) বন বিভাগের সংশ্লিষ্ট রেঞ্জের একজন কর্মকর্তা, বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, ঢাকা সামাজিক বন বিভাগ, বন ভবন, মহাখালী, ঢাকা
- ৭) সার্ভেয়ার/ড্রাফটসম্যান, সম্পত্তি শাখা, সিএএবি
- ৮) কর্তৃপক্ষের সকল নোটিশ বোর্ড.....

**অনুলিপি :**

- ১) সদস্য (প্রশাসন), সিএএবি
- ২) প্রধান প্রকৌশলী, সিএএবি
- ৩) পরিচালক, হশাআবি, সিএএবি
- ৪) পিএস টু চেয়ারম্যান, সিএএবি
- ৫) সহকারী পরিচালক (হিসাব), হশাআবি, সিএএবি
- ৬) অফিস কপি

  
২০ ০৩ ২৩  
ইসরাত জাহান পার্ভা  
উপপরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা)